# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
## 'কৃষি ভবন'
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(অর্থ বিভাগ)।

স্মারক নং-১২.২৩১.০৪১.০১.০০.১১০.১৯৯৮-০০৫(৩১) তারিখ ঃ ০৪/০৭/২০১৮খ্রিঃ

ঃ পরিপত্র ঃ

ক। ২০১৮-১৯ অর্থ বছরে সরকার থেকে **'অনুন্নয়ন খাতের'** বরাদ্দের বিপরীতে 'সার ব্যবস্থাপনা উইং' 'ক্ষুদ্রসেচ উইং' বীজ ও উদ্যান উইং,' 'প্রশাসন' উইং এবং'অর্থ উইং' এর অনুমোদিত কাঠামো অনুযায়ী কর্মরত জনবলের বেতন এবং বেতনের সঙ্গে প্রদেয় ভাতাদি পরিশোধযোগ্য হবে।

খ। 'সার ব্যবস্থাপনা উই'; 'প্রশাসন উইং'; 'অর্থ উইং' এবং ক্ষুদ্রসেচ উইং' এর প্রকল্প বর্হিভূত দপ্তর সমুহের অনুকূলে সরকার হতে প্রাপ্ত বরাদ্দের প্রত্যাশায় প্রত্যেক আহরণ ও ব্যয়ন দপ্তর কর্তৃক নিম্নোক্ত অত্যাবশ্যকীয় খাত সমূহের ব্যয় নির্বাহের অনুমোদন প্রদান করা হল।

খাত সমুহ ঃ

১। বিদ্যুৎ/গ্যাস (অফিসিয়াল)।
২। পানি ও পয়ঃ নিষ্কাশন।
৩। যানবাহন রেজিস্ট্রেশন/রোড ট্যাক্স/বীমা।
৪। ব্যাংক চার্জ/কমিশন।
৫। টেলিফোন (সংস্থার সর্বশেষ বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত সিলিং অনুযায়ী (মে ও জুন/১৮ মাসের বকেয়াসহ)।
৬। ডাক ও তার (গত অর্থ বছরের মাসিক ব্যয়ের গড় হারে)।
৭। খাজনা, ভাড়া ও কর।
৮। ঝাড়ুদারের মজুরী (সংস্থার নির্ধারিত হারে)।
৯। ছাপা ও মনোহারী (গত অর্থ বছরের মাসিক ব্যয়ের গড় হারে)।
১০। দৈনিক খবরের কাগজের বিল (জুন/১৮ সহ)।
১১। তৈল ও জ্বালানী/ সি এন জি (অনুমোদিত সিলিং অনুযায়ী)।

শর্তাবলী ঃ

১। 'সেচ উইং' এর নিজস্ব জমি/স্থাপনার ভূমির কর, বিদ্যুৎ, পানি ও পয়ঃ এবং গ্যাস বিল ইত্যাদি এডিপি ভূক্ত প্রকল্প হতে প্রদান করতে হবে। কোন দপ্তরকে এডিপি ভূক্ত প্রকল্পের আওতায় আনার সুযোগ না থাকলে আলোচ্য অনুমোদন অনুযায়ী ব্যয় নির্বাহযোগ্য হবে। এ ধরনের দপ্তরের তালিকা 'ক্ষুদ্রসেচ উইং' কর্তৃক পূর্বাহ্নে নির্ধারিত হতে হবে এবং অবিলম্বে এসব ক্ষেত্রে অপ্রয়োজনীয় সংযোগ বন্ধ করার ব্যবস্থা গ্রহন করতে হবে। একই খাতের ব্যয় আংশিকভাবে উন্নয়ন ও রাজস্ব বাজেট হতে প্রদান করা যাবেনা।
২। সরকারী যাবতীয় বিল সংগ্রহ করে তা যথাসময়ে পরিশোধের ব্যবস্থা গ্রহন করতে হবে। অন্যথায় এ অপরিশোধিত বকেয়া বিলের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট আহরণ ও ব্যয়ন কর্মকর্তাগণের ব্যক্তিগত দায় হিসাবে বিবেচিত হবে।
৩। স্বেচ্ছায় অবসরপ্রাপ্ত / অপাদায়নভূক্ত/অব্যহতিপ্রাপ্ত কোন কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা প্রদান করা যাবে না।
৪। দৈনিক ভিত্তিক/সাকুল্যে বেতনে কোন জনবলের বেতন ভাতা অনুন্নয়ন খাত হতে পরিশোধযোগ্য হবেনা।
৫। মামলার কারণে অব্যাহতি প্রদান করা সম্ভব হয়নি এমন কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা অব্যাহতি কার্যকর না হওয়া পর্যন্ত প্রদান করা যাবে।
৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত খাত এবং খরচের অনুমোদিত খাত ছাড়া অন্য যে কোন খাতে খরচ করতে হলে সুনির্দিষ্ট প্রস্তাবের ভিত্তিতে অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন হবে।
৭। পূণর্গঠন বিষয়ে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং- ১২.২০৫.০১৬.০১.০২.১০৫.২০১৩-৮২ তারিখঃ ১১ জুন ২০১৫খ্রিঃ অনুযায়ী অনুমোদিত কাঠামোর ভিত্তিতে যাবতীয় ব্যয় নির্বাহযোগ্য হবে।
৮। ০৩ এপ্রিল,২০১৮ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার আলোচ্যসূচী -২.৩ এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত সরকারি সার্কুলারের আলোকে কর্মকর্তা/কর্মচারীগণ আয়ুক্ত/সংযুক্ত কর্মস্থলের হারে বাড়িভাড়া প্রাপ্ত হবেন এবং সংস্থার সাংগঠনিক সাংগঠনিক কাঠামো অনুযায়ী মূলপদ হতে বেতন -ভাতা গ্রহণ করবেন।
৯। ২০১৮-১৯ সালের রাজস্ব বাজেট জারী হওয়ার সাথে সাথে এই অনুমোদন বাতিল বলে গন্য হবে।
১০। সরকারী বরাদ্দ হতে ব্যয়ের খাত সমূহ বেতন-ভাতার মত পৃথক ভাবে সংরক্ষণ হিসাব বিভাগকে নিশ্চিত করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(রুনা লায়লা)
মহাব্যবস্থাপক (অর্থ)চঃ দাঃ
বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্য প্রেরীত হলো ঃ-

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২। সদস্য-পরিচালক (অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ/বীজ ও উদ্যান), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

কার্য্যার্থে অনুলিপি প্রেরীত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। মহা-ব্যবস্থাপক (সার ব্যবঃ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৩। হিসাব নিয়ন্ত্রক/ নিয়ন্ত্রক অডিট, বিএডিসি, ঢাকা ( হিসাব নিয়ন্ত্রক সকল আহিনি দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হল )।
৪। সদর দপ্তরের সকল বিভাগীয় প্রধান, ......................................, বিএডিসি, ঢাকা।
৫। সহিনি (বিল/ ব্যঃ দাঃ), বিএডিসি, ঢাকা।
৬। অফিস কপি।